দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 14 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

# ১৬ সরকারি কমার্শিয়াল কলেজ হলো সাধারণ কলেজ

## ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ বিলুপ্ত

■ ইত্তেফাক রিপোর্ট

দেশের ১৬ টি সরকারি কমার্শিয়াল কলেজকে সাধারণ কলেজে পরিবর্তন করে ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ বিলুপ্ত করা হয়েছে। এ ধরনের শিক্ষায় শিক্ষার্থীদের আগ্রহ না থাকা এবং সময়ের প্রয়োজনে এ বিষয়গুলোর চাহিদা না থাকায় এ কোর্সগুলো বিলুপ্ত করা হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

ঢাকা সরকারি কমার্শিয়াল কলেজের নাম পরিবর্তন করে করা হয়েছে মোহাম্মদপুর সরকারি কলেজ। এই কলেজের অধ্যক্ষ অধ্যাপক রেজাউল করিম রতন বলেন, ডিপ্লোমা-ইন-কমার্স ও ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ বিলুপ্ত করা হচ্ছে এবং এরই অংশ হিসাবে কলেজগুলোকে সাধারণ কলেজে পরিবর্তন করা হয়েছে। যা সরকারের অন্যতম একটি ভালো উদ্যোগ। এ নিয়ে আমরা দীর্ঘদিন দাবি তুলে এসেছি। বৃহস্পতিবার কলেজের নাম পরিবর্তন সংক্রান্ত এক সরকারি প্রজ্ঞাপন জারি করে শিক্ষামন্ত্রণালয়। ১৯৫৯ সালের জাতীয় শিক্ষা কমিশনের পর্যালোচনায় দেখা যায়, সরকারি-বেসরকারি-অফিস, শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান, বিদেশি মিশন ও কোম্পানিগুলোতে প্রচুরসংখ্যক দক্ষ অফিস কর্মচারীর চাহিদা থাকা সত্ত্বেও সুদক্ষ অফিস কর্মী তৈরির প্রাতিষ্ঠানিক ব্যবস্থা অনুপস্থিত। ফলে অফিসসমূহের কার্যাবলি সুষ্ঠুভাবে পরিচালিত হতো না। এ কারণে কমিশন উপলব্ধি করে, সুদক্ষ অফিস কর্মী সৃষ্টির ব্যবস্থা করা হলে দেশের অফিসসমূহ সুষ্ঠুভাবে পরিচালিত হবে এবং শিক্ষিত বেকারদের চাকরির সংস্থান হবে। এ লক্ষ্যে ১৯৫৯ সালের শিক্ষা কমিশন তৎকালীন ১৬টি জেলা সদরে গভ. কমার্শিয়াল ইনস্টিটিউট স্থাপনের সুপারিশ করে।

উক্ত সুপারিশের ভিত্তিতে ১৯৬৫ হতে ১৯৬৭ সালের মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের সাহায্য সংস্থা-এর আর্থিক ও কারিগরি সহায়তায় ১৬টি সরকারি কমার্শিয়াল ইনস্টিটিউট স্থাপন করা হয়। ইনস্টিটিউটসমূহ ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, চট্টগ্রাম, ফেনী, কুমিল্লা, খুলনা, যশোর, কুষ্টিয়া, রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়া, পাবনা, বরিশাল এবং সিলেট জেলা শহরে প্রতিষ্ঠিত হয়।

কমার্শিয়াল ইনস্টিটিউটসমূহে এসএসসি উত্তর দুই বৎসর মেয়াদী 'ডিপ্লোমা-ইন-কমার্স' নামে একটি কর্মমুখী ও বাস্তবমুখী শিক্ষা কোর্স চালু করা হয় যার বর্তমান নাম 'ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ'। কিন্তু এইচএসসির সমমান হওয়ার পরও এ কোর্সে এখন শিক্ষার্থীরা আগ্রহ হারিয়ে ফেলে। সাধারণ শিক্ষার্থীদের জন্য কোনো কোর্স না থাকায় কলেজগুলো শিক্ষক ও শিক্ষার্থী সংকটে পড়ে।